নাগরিক সেবা কার্যক্রম (Citizen Charter)

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা ১২১৫ ।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ১৯৯৬ অনুসরণে কাউন্সিল কৃষি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করে থাকে:-

১। জাতীয় কৃষি নীতিমালার ভিত্তিতে গবেষণার অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ ও গবেষণা পরিচালনায় দিকনির্দেশণা প্রদান

২। কৃষি উন্নয়নে গবেষণা ও সম্প্রসারণ ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ এবং কৃষি ক্ষেত্রে বিদেশী সহায়তার ব্যবহার সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান

৩। এনএআরএস ভুক্ত ইনস্টিটিউটসমূহের নিজস্ব তহবিল ভিত্তিক গবেষণা প্রস্তাবের কার্যক্রম ও বাজেট পর্যালোচনাপুর্বক পরবর্তী কার্যক্রমের জন্য সুপারিশ করা এবং চলমান গবেষণা কার্যক্রম পরীবিক্ষণ ও মূল্যায়ন করা

৪। কাউন্সিল কর্তৃক প্রদত্ত সহায়তায় প্রস্তাবিত গবেষণা কার্যক্রম পুনরীক্ষণ, বাজেট মূল্যায়ন, অনুমোদন এবং চলমান গবেষণা কার্যক্রম পরীবিক্ষণ ও মূল্যায়ন করা

৫। এনএআরএস ভুক্ত ইনস্টিটিউটসমূহের গৃহীত ও সম্পাদিত কার্যক্রম একটি স্বতন্ত্র বিশেষজ্ঞ প্যানেল দ্বারা মূল্যায়নের ব্যবস্থা করা

৬। নূতন গবেষণা ইনস্টিটিউট, গবেষণা কেন্দ্র, গবেষণাস্থল, গ্রন্থাগার, তথ্য কেন্দ্র, যাদুঘর, হারবেরিয়াম, জার্মপ্লাজম, উদ্ভিদ প্রবর্তন কেন্দ্র (Plant introduction centre), ইত্যাদি প্রতিষ্ঠা ও পরিচালনায় সহায়তা করা এবং ঐ ধরনের বিদ্যমান স্থাপনার সংখ্যা, অবস্থান ও কার্যপরিধি নির্ধারণ, পরিবর্তন বা পরিবর্ধন সম্পর্কে সরকারকে বা ক্ষেত্রমত সংশ্লিষ্ট ইনস্টিটিউটকে পরামর্শ প্রদান করা

৭। কৃষি প্রযুক্তি হস্তান্তরের চলমান প্রক্রিয়া পরিবীক্ষণ, উদ্ভাবিত প্রযুক্তির প্রচার এবং মাঠ পর্যায়ে প্রয়োগ ও ব্যবহারের ক্ষেত্রে গবেষণা ইনস্টিটিউট ও সম্প্রসারণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন করা

৮। এনএআরএস এবং সহযোগী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীদেরকে কৃষি গবেষণা ও ব্যবস্থাপনায় উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা

৯। কৃষি গবেষণা ও ব্যবস্থাপনা বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, কর্মশালা, সেমিনার, ইত্যাদির আয়োজন করা

১০। বাংলাদেশের জন্য কার্যকর এবং উপযোগিতাসম্পন্ন উদ্ভাবিত সরঞ্জামাদির দ্রুত পরীক্ষা, অভিযোজন ও ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে আন্তর্জাতিক কৃষি গবেষণা ইনস্টিটিউট ও সংগঠনসমূহের সাথে সংযোগ রক্ষা করা ।

কাউন্সিল কর্তৃক নাগরিক সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদনের সময়সীমা

ক্রমিক	সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট কার্যাবলী	সময়সীমা
১	**নীতি নির্ধারণী ও পরামর্শ মূলক কার্যাবলীঃ** - জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে চাহিদা অনুযায়ী প্রকল্প তৈরী, বাস্তবায়ন ও অগ্রগতির বিষয় সরকারকে অবহিতকরণ	চাহিদা অনুযায়ী
২	**গবেষণা ব্যবস্থাপনাঃ** - গবেষণার অগ্রাধিকার নির্ধারণ (Strategic plan)	প্রতি ৫-১০ বছর অন্তর
	- অগ্রাধিকার ভিত্তিক স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী গবেষণা কর্মপরিকল্পণা (Vision Document) প্রণয়ন	চাহিদা অনুযায়ী
	- এনএআরএস ভুক্ত ইনস্টিটিউটসমূহের বার্ষিক গবেষণা কার্যক্রম প্রণয়ন/চূড়ান্তকরণে সহায়তা প্রদান	বাৎসরিক
	- গবেষণার অগ্রগতি পরিদর্শণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন	প্রতি ফসল মৌসুমে
	- গবেষণা কার্যক্রম ফলপ্রুসু করার জন্য সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোক্তার পরস্পরের অংশিদারিত্ব গড়ে তুলতে সহায়তা করা	চলমান
৩	**গবেষণা - সম্প্রসারণ সমন্বয়ঃ** - কৃষি প্রযুক্তির উপযোগিতা মূল্যায়ন নির্দেশিকা প্রকাশ ও প্রচার	চাহিদা অনুযায়ী
	- কৃষি প্রযুক্তি হস্তান্তরের জন্য জাতীয়. আঞ্চলিক ও জেলা কমিটির কার্যক্রম সমন্বয়	বছরে ২ বার
	- কৃষি ক্ষেত্রে জাতীয় ও আঞ্চলিক সমস্যা মাঠ পর্যায়ে চিহ্নিতকরণ ও সংশ্লিষ্ট সম্প্রসারণ সংস্থাকে অবহিতকরণ	চাহিদা অনুযায়ী
	- বিশেষজ্ঞ কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা	চাহিদা অনুযায়ী
৪	**কৃষি ভিত্তিক উদ্যোক্তা সেবাঃ** - চাষী পর্যায়ে উন্নত বীজ সরবরাহরে জন্য বীজের গুণগতমান নিশ্চিতকরণে সহায়তা করা	চাহিদা অনুযায়ী
	- সারের সুষম ব্যবহার নিশ্চিত করার জন্য সার নির্দেশিকা প্রণয়ন করা	চাহিদা অনুযায়ী
	- কৃষি উপকরণ বিপণনে নিয়োজিত উদ্যোক্তাদের সহায়তা ও উৎসাহ প্রদান করা	চাহিদা অনুযায়ী
৫	**জনশক্তি উন্নয়নঃ** - বিজ্ঞানী/কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা করা	প্রতি বছর
	- বিজ্ঞানী/কর্মকর্তাদের জন্য স্বল্প মেয়াদী ও উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা করা	চাহিদা অনুযায়ী
	- গবেষণা প্রতিষ্ঠান ও সম্প্রসারণ অধিদপ্তরের সহায়তায় সুফলভোগীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা	চাহিদা অনুযায়ী
৬	**তথ্য ও লাইব্রেরী সেবাঃ** - বিজ্ঞানী, গবেষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট অন্যান্যদের জন্য কৃষি গবেষণা ও উন্নয়ন বিষয়ক তথ্যাদি সহজলভ্য করা	চলমান
	- কৃষি ক্ষেত্রে জিআইএস প্রযুক্তির প্রয়োগ/ব্যবহারে সহায়তা করা	চলমান

ক্রমিক	সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট কার্যাবলী	সময়সীমা
	- জার্নাল, নিউজলেটার, সম্প্রসারণমূলক পুস্তক-পুস্তিকা প্রকাশ ও প্রচার	চলমান
	- জিআইএস প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে প্রাকৃতিক সম্পদ ভিত্তিক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহারের সুযোগ সৃষ্টি করা	চলমান
	- তথ্য যোগাযোগ প্রযুক্তি (ICT) গ্রহণ ও প্রয়োগে (Adoption & Replication) সহায়তা করা	চলমান
	- ওয়েবসাইট (website) এর মাধ্যমে গবেষণা ও সম্প্রসারণ ভিত্তিক সমসাময়ীক তথ্য প্রকাশ	চলমান

সেবা প্রদান ও অভিযোগের প্রতিকার

পরিচালক সাপোর্ট সার্ভিস সুফলভোগীদের প্রত্যাশিত সেবার ধরণ অনুযায়ী সেবা প্রদান ও অভিযোগ দ্রুততার সাথে প্রতিকারের জন্য ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন। অভিযোগকারীবৃন্দ তাঁদের অভিযোগ অবহিত করার জন্য প্রতি সোমবার সকাল ১০:০০ টা থেকে অপরাহ্ন ২:০০ টা পর্যন্ত ফোকাল পয়েন্টের সাথে সাক্ষাৎ করতে পারবেন। তিনি সেবার চাহিদা অনুযায়ী সুফলভোগীদের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করিয়ে দিবেন। সুফলভোগীদের কোন সমস্যা থাকলে তিনি অভিযোগসমূহ লিপিবদ্ধ করে নির্বাহী চেয়ারম্যান এর দপ্তরে প্রেরণ করবেন।

কাউন্সিলের লক্ষ্য ও উদ্দেশ্য এবং সেবার ধরণ বিষয়ক তথ্যাদি 'ওয়েবসাইটে' পাওয়া যাবে (কাউন্সিলের ওয়েবসাইট: www.barc.gov.bd)। কাউন্সিল আইনে উল্লেখিত তফসিলভুক্ত সংস্থাসমূহের অভিযোগ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করা যাবে। বেসরকারী সংস্থা ও উদ্যোক্তা সংস্থাসমূহ তাঁদের অভিযোগ সরাসরি অথবা ই-মেইলে ফোকাল পয়েন্টের নিকট প্রেরণ করতে পারবেন।

কাউন্সিলের নির্বাহী পরিষদ কাউন্সিলের নাগরিক সেবা (Citizen Charter) বছরে কমপক্ষে একবার পুণরীক্ষণ/পর্যালোচনা করবেন।

অভিযোগ প্রতিকারের সময়সীমা

বিষয়	সময়সীমা
অভিযোগ প্রাপ্তিস্বীকার	২ দিন
অভিযোগকারীর নিকট অন্তর্বর্তীকালীন উত্তর প্রদান	২ সপ্তাহ
চূড়ান্ত নিস্পত্তি	১ মাস
নির্বাহী চেয়ারম্যান এর দপ্তরে প্রতিবেদন প্রেরণ	প্রয়োজন মাফিক

যোগাযোগের ঠিকানা (Focal Point)

পরিচালক (সাপোর্ট সার্ভিস)

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা ১২১৫।

ফোনঃ ৮৮ ০২ ৮১১৭১১০

ফ্যাক্সঃ ৮৮ ০২ ৮১১৩০৩২, **ই মেইলঃ** dir-ss@barc.gov.bd

অঙ্গীকারনামা

আমরা বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর কর্মীবৃন্দ এই মর্মে অঙ্গীকার করছি যে-

আমরা

- কাউন্সিল আইন ১৯৯৬ এ বর্ণিত কার্যক্রম কর্মদক্ষতা এবং দায়িত্বশীলতার সাথে সম্পাদনে সচেষ্ট থাকব;
- এনএআরএসভুক্ত সংস্থাসমূহের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধিমূলক গবেষণা ও সম্প্রসারণ সেবা প্রদানে যথাযথ ভুমিকা পালন করব;
- যথাসময়ে অফিসে উপস্থিতিসহ অবস্থান নিশ্চিত করব;
- অফিসে ব্যক্তি/বেসরকারী পর্যায়ে প্রাপ্ত আবেদনের ক্ষেত্রে ৫ কর্মদিবসের মধ্যে পত্রের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করব এবং বিষয়টি নিস্পত্তিতে বিলম্ব ঘটলে তার অগ্রগতির বিষয়ে আবেদনকারীকে অবহিত করব;
- প্রচলিত বিধি ও আইনের কাঠামোর মধ্যে থেকে অফিসে আগত নাগরিক/সুফলভোগী/ উপকারভোগীর সাথে সৌজন্য ও সহযোগিতামূলক আচরণ করব;
- নিজের পেশাদারিত্ব অর্জনে সর্বদা সচেষ্ট থাকব এবং প্রশিক্ষণলদ্ধ জ্ঞান ও দক্ষতা উন্নত সেবার মান বৃদ্ধিতে কাজে লাগাব;
- সর্বদা আইনের শাসন, জবাবদিহিতা ও স্বচ্ছতার অনুশীলন করব এবং
- অফিসে সুষ্ঠু কর্মপরিবেশ সৃষ্টি এবং প্রচলিত বিধি অনুযায়ী অফিসের নিরাপত্তা সংরক্ষণ করব।

আমাদের সকলের মনে সর্বদা সেবা ও সহযোগিতামূলক মনোভাব যাতে অটুট থাকে সেজন্য মহান আল্লাহতায়ালা/সৃষ্টিকর্তার কাছে সাহায্য কামনা করব।

কোন অভিযোগ থাকলে যোগাযোগ করুন-

পরিচালক (সাপোর্ট সার্ভিস)
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা ১২১৫।
ফোনঃ ৮৮ ০২ ৮১১৭১১০
ফ্যাক্সঃ ৮৮ ০২ ৮১১৩০৩২
ই মেইলঃ dir-ss@barc.gov.bd